

🖪 আল-ইনফিতার | Al-Infitar | ٱلْإِنْفِطَار

আয়াতঃ ৮২: ৯

💵 আরবি মূল আয়াত:

كَلَّا بَل تُكَذِّبُونَ بِالدِّينِ ﴿٩﴾

🗚 অনুবাদসমূহ:

কখনো নয়, তোমরা তো প্রতিদান দিবসকে অস্বীকার করে থাক। — আল-বায়ান

না (তোমাদের এই বিভ্রান্তি মোটেই সঠিক নয়), তোমরা তো (আখেরাতের) শাস্তি ও পুরস্কারকে অস্বীকার করে থাক; — তাইসিকল

না, কখনই না, তোমরাতো শেষ বিচারকে অস্বীকার করে থাকো; — মুজিবুর রহমান

No! But you deny the Recompense. — Sahih International

- ৯. কখনো নয়, তোমরা তো প্রতিদান দিবসে মিথ্যারোপ করে থাক(১);
 - (১) অর্থাৎ যে জিনিসটি তোমাদেরকে ধোঁকায় ফেলে দিয়েছে, তোমাদেরকে বিভ্রান্ত করেছে তা হল এই ধারণা যে, দুনিয়ার এই কর্মজগতের পরে আর কোন কর্মফল, প্রতিদান ও বিচারের জগত নেই। এ বিভ্রান্ত ও ভিত্তিহীন ধারণাই তোমাকে আল্লাহ থেকে গাফেল করে দিয়েছে, মহান আল্লাহ সম্পর্কে বিভ্রান্তিতে ফেলেছে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

৯। না কখনই না, বরং তোমরা শেষ বিচারকে মিথ্যা মনে করে থাক:[1]

[1] এখানে ১১শব্দটি ক্রশন্দের অর্থেও হতে পারে। (অর্থাৎ, সত্যপক্ষে তোমরা শেষ বিচারকে মিথ্যা মনে করে থাক।) এখানে কাফেরদের সেই আচরণ ও দৃষ্টিভঙ্গির খন্ডন করা হয়েছে, যা দয়াবান আল্লাহর অনুগ্রহ ও রহমতের ব্যাপারে ধোঁকায় মগ্ন থাকার ফলে সংঘটিত হয়েছে। অর্থাৎ, এই প্রবৃত্তির প্রতারণায় পড়ার কোন কারণ নেই। বরং আসল কথা হল যে, তোমাদের হৃদয়ে এ কথার প্রত্যয় নেই যে, কিয়ামত সংঘটিত হবে এবং সেখানে প্রতিদান ও শাস্তি দেওয়া হবে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5838

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন